



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd



জরুরি

নম্বর: ২৭.১১.০০০০.১০১.৯৯.০০৯.২০-৩১৭

তারিখ: ২২ ভাদ্র ১৪২৭
০৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: মসজিদ, মন্দির ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের বৈদ্যুতিক লাইন ও এয়ার কন্ডিশনের অবস্থা পরীক্ষাপূর্বক ব্যবস্থা গ্রহণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৪ সেপ্টেম্বর ২০২০ শুক্রবার নারায়নগঞ্জে সংগঠিত দুর্ঘটনার কারণে ধর্মপ্রাণ মুসল্লিদের মৃত্যু ও হতাহতের প্রেক্ষিতে দেশের সকল মসজিদ, মন্দির ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের বৈদ্যুতিক লাইন ও এয়ার কন্ডিশনের অবস্থা পরীক্ষাপূর্বক ব্যবস্থা গ্রহণ ও প্রতিবেদন প্রেরণের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনাসমূহ নিম্নরূপ:

- ক) আওতাধীন বিতরণ এলাকার সকল মসজিদ, মন্দির ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের বৈদ্যুতিক লাইন ও এয়ার কন্ডিশনের অবস্থা পরীক্ষার জন্য পৃথক পৃথক টিম গঠন করতে হবে;
 - খ) গঠিত টিম ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের এয়ার কন্ডিশনগুলি যথাযথভাবে ব্যবহৃত হচ্ছে কি-না, সে বিষয়ে কারিগরি নির্দেশনা প্রদান করবে;
 - গ) বিদ্যুৎ বিল যথাযথভাবে প্রদান করা হচ্ছে কি-না, এবং বিল জমা নেয়া হচ্ছে কি-না সে বিষয়ে প্রতিবেদন প্রস্তুত করবে;
 - ঘ) বিদ্যুৎ ব্যবহারে কি কি সতর্কতা অবলম্বন করতে হবে, পর্যায়ক্রমে কিভাবে এয়ার কন্ডিশন ও অন্যান্য বৈদ্যুতিক উপকরণগুলি পরীক্ষা করতে হবে তার পালনীয় নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট ধর্মীয় প্রতিষ্ঠানের কমিটিকে অবহিত করতে হবে।
- ২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতঃ জরুরি ভিত্তিতে সংযুক্ত ছকে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : বর্নণামতে।

(সাইফুল ইসলাম আজাদ)

সচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

☎: ০২-৯৫৫৪২০৯

Secretary@bpdb.gov.bd

প্রধান প্রকৌশলী,

বিতরণ দক্ষিণাঞ্চল/বিতরণ কেন্দ্রীয় অঞ্চল/বিতরণ কুমিল্লা অঞ্চল/বিতরণ সিলেট অঞ্চল,
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, চট্টগ্রাম/ময়মনসিংহ/কুমিল্লা/সিলেট।


চলমান-২

নম্বর: ২৭.১১.০০০০.১০১.৯৯.০০৯.২০-৩১৭

তারিখ: ২২ ভাদ্র ১৪২৭
০৬ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য, প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ২। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (অফিস আদেশটি বিউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৯। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ১০। অফিস কপি।



(মোঃ রানা ইকবাল)
উপসচিব (সংস্থাপন)
☎: ০২-৯৫৫০৫২৩

ছক:

ক্রমিক নম্বর	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	মসজিদ, মন্দির ধর্মীয় উপসনালয়ের নাম, সভাপতি/সেক্রেটারীর নাম	অনুমোদিত লোড	ব্যবহৃত লোড	এয়ার কন্ডিশন ব্যবহৃত হয় কি-না, হলে কতগুলো	সাবস্টেশন আছে কি-না	সাবস্টেশন না থাকলে ট্রান্সফর্মারের ক্ষমতা কত	অধিক্ষেত্র (নিবাহী প্রকৌশলী/ জাবাসিক প্রকৌশলী)	মন্তব্য		

